রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, আগস্ট ২৩, ২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**উন্নয়ন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ/ ২২ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ

**এস.আর.ও.নং ২৮৩-আইন/২০২১।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) “তফসিল” অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মচারী;

(ঘ) “পদ” অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ কোনো পদে নিয়োগের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) “শিক্ষানবিশ” অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ছ) "সিজিপিএ" বা "জিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA) বা Grade Point Average (GPA); এবং

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃতবোর্ড" বা "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং, এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলের বিধান অনুযায়ী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি, ক্ষেত্রমত, মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করিবে:

তবে শর্ত থাকে যে, ২০তম গ্রেডভুক্ত কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা হইবে কিনা তাহা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির—

(ক) স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এইমর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে অথবা, তদন্ত হইলে, তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৬) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিলে, স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৭) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত কোনো ব্যক্তি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদে এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে এই বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশ।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ

করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করিয়া থাকে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলিবারকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যেসকল কর্মচারীর বয়স ৫০(পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইবে, সেই সকল কর্মচারীকে শিক্ষানবিশকাল শেষ হইবার ১(এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনের কোনো ভগ্নাংশ দেখা দিলে উভয় কোটার ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত করিতে হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১)এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে কর্মকর্তা ও কর্মচারী (ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ এতদ্দ্বারা রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন;

(খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে; এবং

(গ) গৃহীত কোনো কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

## তফসিল-১
**[বিধি-২ (খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | প্রধান প্রকৌশলী | - | পদোন্নতির মাধ্যমে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদে অন্যূন ২(দুই) বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে ১৭(সতেরো) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ২। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী | - | পদোন্নতির মাধ্যমে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) পদে অন্যূন ২(দুই) বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে ১৫(পনেরো) বৎসরের চাকরির অভিজ্ঞতা । |
| ৩। | পরিচালক (প্রশাসন ও অর্থ) | - | প্রেষণে বদলির মাধ্যমে। | সরকারের যুগ্মসচিব বা উপসচিব এর সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে । |
| ৪। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা Associate Membership of Institution of Engineers (এএমআইই) বাংলাদেশ এর সেকশনএ এবং বি পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) নির্বাহী প্রকৌশলী (সিভিল)পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে ১২(বারো) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৫। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ কৌশল বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা এ এম আই ই বাংলাদেশ এর সেকশনএ এবং বি পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে ১২(বারো) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬। | উপ-প্রধান স্থপতি | - | পদোন্নতির মাধ্যমে। | উর্ধ্বতন স্থপতি বা সহকারী প্রধান স্থপতি পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে ১২ (বারো) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৭। | উপ-পরিচালক (প্রশাসন) | - | প্রেষণে বদলির মাধ্যমে। | উপসচিব বা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৮। | উপ-পরিচালক (অর্থ) | - | প্রেষণেব বদলির মাধ্যমে। | উপসচিব বা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৯। | সিস্টেম এনালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১০। | নির্বাহী প্রকৌশলী (সিভিল) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী প্রকৌশলী (সিভিল) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি। |
| ১১। | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি। |
| ১২। | নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি। |
| ১৩। | উর্ধ্বতন স্থপতি | ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>সহকারী স্থপতি পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি।<br><br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্থাপত্য কৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নবম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ১৪। | সহকারী প্রধান স্থপতি | ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>সহকারী স্থপতি পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি।<br><br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্থাপত্য কৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নবম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ১৫। | প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৬। | আইন কর্মকর্তা | ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলির মাধ্যমে। | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক নিবন্ধিত।<br>**<u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>**<br>সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে আইন কর্মকর্তা বা আইন পরামর্শক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ১৭। | সহকারী প্রকৌশলী (সিভিল) | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৩৪ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে,তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬৬ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) বা এস্টিমেটর পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি অথবা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) এ এম আই ই বাংলাদেশ এর সেকশন এ এবং বি পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৮। | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৩৪ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬৬ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ কৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রি অথবা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) এ এম আই ই বাংলাদেশ এর সেকশন এ এবং বি পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৯। | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে ,তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগেরক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যন্ত্রকৌশল, অটোমোবাইল বা পাওয়ার কৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রি অথবা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;অথবা<br>(খ) এ এম আই ই বাংলাদেশ এর সেকশন এ এবং বি পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২০। | সহকারী প্রকৌশলী (মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি অথবা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) এ এম আই ই বাংলাদেশ এর সেকশন এ এবং বি পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২১। | সহকারী স্থপতি | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৩৪ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬৬ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>ড্রাফটসম্যান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্থাপত্য কৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি অথবা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ২২। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৩। | হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা অনুষদ ভুক্ত কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত। |
| ২৪। | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং বা সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা:<br>তবে শর্ত থাকেযে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত । |
| ২৫। | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে তড়িৎ কৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৬। | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে যান্ত্রিক, পাওয়ার বা অটোমোবাইল কৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত। |
| ২৭। | এস্টিমেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং বা সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত। |
| ২৮। | ড্রাফটসম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে স্থাপত্য কৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৯। | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি।<br><br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দ ক্ষতা। |
| ৩০। | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>হিসাবরক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br><br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা অনুষদ ভুক্ত কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩১। | সহকারী প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে,তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৬(ছয়) বৎসর অথবা উচ্চমান সহকারী বা সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩২। | স্টোর অফিসার | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সুপারভাইজার (ভান্ডার) পদে অন্যূন ৪(চার) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৩। | হিসাবরক্ষক | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সহ হিসাব সহকারী/ হিসাব সহকারী কাম ক্যাশিয়ার/ অফিস সহকারী কাম ক্যাশিয়ার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৪। | সুপারভাইজার (ভান্ডার) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্যপ্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>স্টোরকিপার পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকরি।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৫। | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৬। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৭। | উচ্চমান সহকারী | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৮। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদনিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৯। | সুপারভাইজার (যানবাহন) | - | পদোন্নতির মাধ্যমে। | গাড়ীচালক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি। |
| ৪০। | হিসাব সহকারী/ হিসাব সহকারী কাম ক্যাশিয়ার/ অফিস সহকারী কাম ক্যাশিয়ার | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৫ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৯৫ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>ক্যাশ সরকার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪১। | ডাটা এন্ট্রি অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪২। | অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪৩। | স্টোরকিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৪। | ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে-<br>(অ) সংশ্লিষ্ট ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) সহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৬(ছয়) মাসের বাস্তব অভিজ্ঞতা; অথবা<br>(আ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ১(এক) বৎসরের ট্রেড সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ;<br>(খ) ইলেকট্রিসিটি লাইসেন্সিং বোর্ডের বি-সার্টিফিকেট প্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৫। | গাড়ীচালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) লাইসেন্সসহ হালকা বা ভারী গাড়ি চালনার বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৬। | এ্যামোনিয়া মেশিন অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে,তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহায়ক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৭। | ক্যাশ সরকার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহায়ক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৮। | অফিস সহায়ক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪৯। | হেলপার (বাস) | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |
| ৫০। | নিরাপত্তা প্রহরী | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৫১। | পরিচ্ছন্নতা কর্মী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত" আউটসোর্সিং (Outsourcing ) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |

**তফসিল-২**
**[বিধি-২(খ) দ্রষ্টব্য]**

তফসিল-১ এর ক্রমিক নং৩১, ৩২, ৩৩, ৩৪, ৪০, ৪৩ ও ৪৪ পদে
সরাসরি নিয়োগ প্রার্থীদের লিখিত পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | | ৯০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ২৫ | | |
| ২। | ইংরেজি | ২৫ | | |
| ৩। | গণিত/প্রাসঙ্গিক টেকনিক্যাল | ২০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

**ব্যাখ্যা।**—লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

**তফসিল-৩**
**[বিধি-২(খ) দ্রষ্টব্য]**

তফসিল-১ এর ক্রমিক নং ৪৫, ৪৬ও ৪৭ পদে
সরাসরি নিয়োগ প্রার্থীদের লিখিত পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | | ৪০ | ৫০% | ১ ঘণ্টা |
| ১। | বাংলা | ১০ | | |
| ২। | ইংরেজি | ১০ | | |
| ৩। | গণিত/প্রাসঙ্গিক টেকনিক্যাল | ১০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ১০ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট | ৫০ | | |

**ব্যাখ্যা।**—লিখিত পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দা নওয়ারা জাহান**
যুগ্মসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd